8 MAY 2017

উচ্চ মাধ্যমিকে উপবৃত্তি বিতরণ

# শিক্ষার্থীদের সোয়া ২ লাখ সিম দেবে টেলিটক

■ সমকাল প্রতিবেদক

উচ্চ মাধ্যমিক স্তরে উপবৃত্তি বিতরণে শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে দুই লাখ ২৩ হাজার সিম দেবে টেলিটক। এ জন্য শিক্ষা মন্ত্রণালয়ের উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্প ও রাষ্ট্রায়ত্ত মোবাইল ফোন অপারেটর টেলিটকের মধ্যে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে। সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে গতকাল রোববার এই এমওইউ সই হয়।

উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পের প্রকল্প পরিচালক শ্যামা প্রসাদ বেপারী ও টেলিটকের ব্যবস্থাপনা পরিচালক কাজী মো. গোলাম কুদ্দুস সমঝোতা স্মারকে সই করেন। এ সময় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম উপস্থিত ছিলেন। সমঝোতা অনুযায়ী উপবৃত্তি গ্রহীতাদের 'বর্ণমালা' প্যাকেজের সিম দেবে টেলিটক।

শ্যামা প্রসাদ বেপারী বলেন, বিনামূল্যে শিক্ষার্থীদের হাতে দুই লাখের বেশি সিম পৌঁছে দেওয়া হবে এবং বায়োমেট্রিক পদ্ধতিতে চালু করা হবে। প্রতিটি সিমে বৃত্তি গ্রহণের জন্য ডাচ্-বাংলা মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট খোলা হবে। সিমগুলোয় প্রতি মাসে ১০০ মিনিট ফ্রি টকটাইম, ৩০০ মেগাবাইট ফ্রি ইন্টারনেট ডাটা দেওয়া হবে বলেও জানান তিনি।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, উচ্চ মাধ্যমিকে আমরা ৪০ শতাংশ মেয়ে ও ১০ শতাংশ ছেলেকে উপবৃত্তি দিচ্ছি। ২০১৪ সাল থেকে এ প্রকল্প শুরু হয়েছে, ২০১৭ সালে তা শেষ হবে। তবে এটা আমরা বন্ধ করতে পারব না। অন্যভাবে হয়তো এটাকে সম্প্রসারিত করে আমাদের এগিয়ে যেতে হবে। তিনি বলেন, উচ্চ মাধ্যমিক উপবৃত্তি প্রকল্পের ব্যয় ৫১২ কোটি ৭৫ লাখ ৩৫ কোটি টাকা। এর পুরোটাই সরকারি, কোনো বিদেশি ঋণ বা সহযোগিতা এতে নেই।

শিক্ষার্থীর মা-বাবার জমি পরিমাণ ও আয় বিবেচনা করে উচ্চ মাধ্যমিকে উপবৃত্তি দেওয়া হয়। এ ছাড়া উপবৃত্তি পেতে ক্লাসে ৭৫ শতাংশ উপস্থিতি এবং শিক্ষার সময়কালে বিয়ে না করার শর্ত দেওয়া হয়েছে বলেও জানান শিক্ষামন্ত্রী। তিনি বলেন, এ অর্থ শুধু শিক্ষাজীবনই অব্যাহত রাখছে না, সামাজিক জীবনেও প্রভাবে ফেলছে। এর ফলও আমরা পেয়েছি। শিক্ষামন্ত্রী জানান, ২০১৪-১৫ থেকে ২০১৫-১৬ অর্থবছরে ১০ লাখ ২১ হাজার ছেলেমেয়েকে উপবৃত্তি দেওয়া হয়েছে। এবার ছয় লাখ শিক্ষার্থীকে উপবৃত্তি দেওয়া হবে।